

এসএসসি পরীক্ষার দ্বিতীয় দিন ॥ গ্রেফতার ৮৪

৩৭০৭ জন পরীক্ষার্থী ও
৪০ জন শিক্ষক বহিষ্কৃত

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল এসএসসি পরীক্ষার দ্বিতীয় দিনে, নকলের অভিযোগে ৪টি বোর্ডের অধীন বিভিন্ন কেন্দ্র থেকে ৩৭০৭ পরীক্ষার্থীকে বহিষ্কারের খবর পাওয়া গেছে। নকলে সহযোগিতার অভিযোগে ৪০জন শিক্ষকও বহিষ্কৃত হন। পরীক্ষা কেন্দ্রে নকল সরবরাহসহ অন্যান্য অভিযোগে গ্রেফতার করা হয়েছে ৮৪ জনকে।

ঢাকা বোর্ড সূত্রে জানা যায়, গতকাল গাজীপুরে ৬৫, টাঙ্গাইলে ২০৭, ফরিদপুরে ১১০, মাদারীপুরে ৯৩, শরিয়তপুরে ৩৯, রাজবাড়ীতে ২২, গোপালগঞ্জে ৮১, নেত্রকোণায় ৭৭, শেরপুরে ১৫৯, নারায়ণগঞ্জে ৩৫, নরসিংদীতে ৫৫, কিশোরগঞ্জে ২০৬, মুন্সি গঞ্জে ৪৫ ও ঢাকা শহরে ২ পরীক্ষার্থীকে নকলের অভিযোগে বহিষ্কার করা হয়।

তাছাড়া নকলে সাহায্যের অভিযোগে ফরিদপুরে ৫, মাদারীপুরে ২, গোপালগঞ্জে ১, জামালপুরে ৫, শেরপুরে ৪, নারায়ণগঞ্জে ২জন,

পরিদর্শককে বহিষ্কার করা হয়েছে। আমাদের সংবাদদাতারাও দেশের বিভিন্ন স্থানে পরীক্ষা কেন্দ্রে পরীক্ষার্থী ও পরিদর্শক বহিষ্কারের খবর পাঠিয়েছেন।

মানিকগঞ্জ

মানিকগঞ্জ থেকে জেলা বার্তা পরিবেশক জানান : মানিকগঞ্জের ৭টি (৭-এর পাতায় দেখুন)

রাজশাহী বিশ্ববিদ্যালয়